শুক্রবার
২৪ জানুয়ারি ২০২৫ খ্রীষ্টাব্দ।
১০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ।
২২ রজব ১৪৪৬ হিজরী।
রেজি নং-১২-৪২৫। বর্ষ ২৭ সংখ্যা ৯৮
চার পৃষ্ঠার মূল্য ৫ টাকা
ই-মেইলঃ dailybakkhali@gmail.com

দৈনিক বাঁকখালী



# সরকারি সম্পদকে নিজের সম্পদের মতো রক্ষণাবেক্ষণ করতে হবে

নিজস্ব প্রতিবেদকঃ

উপজেলা প্রকৌশলী এলজিইডি ( উখিয়া) মোঃ রোকনুজ্জামান খান বলেছেন, সরকারি অবকাঠামো সুবিধা ব্যবহারে যত্নের বিষয়ে সবাইকে সচেতন থাকতে হবে, নিজের সম্পদের মতো করে রক্ষণাবেক্ষণ করতে হবে। বৃহস্পতিবার (২৩ জানুয়ারি) সকালে উখিয়া উপজেলার দরগা বিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মিলনায়তনে/হলরুমে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীনে জরুরি ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প (ইএমসিআরপি) এর উদ্যোগে স্থানীয়দের সরকারি সেবা সুবিধা ব্যবহারে যত্নশীল হওয়ার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে একটি সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

উপজেলা প্রকৌশলী বলেন, সরকারিভাবে এলজিইডির অধীনে বিশ্বব্যাংকের সহায়তায় ইএমসিআরপি প্রকল্পের আওতায় স্থানীয়দের জন্য যে রাস্তা, ঘাট, ব্রিজ, কালভার্ট, সেতু ও বিভিন্ন অবকাঠামো উন্নয়ন কার্যক্রম হচ্ছে তা আপনাদেরই সম্পদ। এ সম্পদ যত্নসহকারে ব্যবহারে আপনাদের দায়িত্বশীল হতে হবে। তিনি এলজিইডির মাধ্যমে নির্মিত রাস্তা গুলো টেকসই রাখার জন্য স্থানীয়দের আরও বেশি দায়িত্বশীল ❖ এরপর পৃষ্ঠা ৩ ❖ কলাম ৪

## সরকারি সম্পদকে নিজের সম্পদের মতো রক্ষণাবেক্ষণ করতে হবে

হওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

তিনি আরো বলেন, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলে আপনাদের জীবন যাত্রার মানোন্নয়ন হচ্ছে, আপনাদের সম্পদেরও মূল্য বেড়ে যাচ্ছে। সুতরাং সরকারের এ অবকাঠামো, সেবা সুবিধা গুলোকে নিজের সম্পদ মনে করে ব্যবহার করতে হবে এবং যত্ন নিতে হবে। বিসিসিপিকে এ সচেতনতামূলক কার্যক্রমের পরিধি আরও বাড়ানোর ব্যাপারে জোর দিতে হবে।

উল্লেখ্য, বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রামস (বিসিসিপি) এই প্রকল্পের জন্য যোগাযোগ ও সচেতনতা পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নিয়মিত কমিউনিটি ভিত্তিক নানান কার্যক্রম পরিচালিত করছে। বিসিসিপির ইএমসিআরপির যোগাযোগ ও সচেতনতা কার্যক্রমের ডেপুটি টিম লিডার রিদুয়ানুর রহমান সভায় ইএমসিআরপির যোগাযোগ ও সচেতনতা কার্যক্রমের সার্বিক বিষয় তুলে ধরেন। সভাটি পরিচালনা করেন বিসিসিপির এওয়ারনেস স্পেশালিষ্ট আমেনা খাতুন আলপনা।

সভায় সভাপতিত্ব করেন দরগা বিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ঝুমঝুম নাহার। তিনি বলেন, এলজিইডির মাধ্যমে বিভিন্ন স্থাপনা হচ্ছে, এগুলো আমাদের সম্পদ, এগুলোর মালিকানা স্থানীয়দের ভাবতে হবে। এ অবকাঠামো রক্ষার জন্য সবাইকে একসাথে কাজ করতে হবে।

সভায় বিশেষ অতিথি ছিলেন, উখিয়া উপজেলা এলজিইডির উপসহকারি প্রকৌশলী সুয়াইব আহমদ, অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ, মহিলা ইউপি সদস্য, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ প্রমুখ। উল্লেখ্য যে,বিশ্বব্যাংকের অর্থায়নে বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের অধীনে 'জরুরি ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প (ইএমসিআরপি) এর আওতায় এসব কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।